# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-২)- ৯৭২৩- জে, তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ফেনীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অনুলিপিকারক জনাব মোঃ কামাল উদ্দিন-এর হার্ট (করোনারী বাইপাস সার্জারী) চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সুত্র : চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ফেনী। স্মারক নং-৩০; তারিখ: ০৭.০২.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ কামাল উদ্দিন অনুলিপিকারক তার 'ক' পতাকাস্থ আবেদনে উল্লেখ করেছেন যে, তিনি ফেনী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে অনুলিপি বিভাগে অনুলিপিকারক (টাইপিস্ট/কপিস্ট) হিসেবে কর্মরত আছেন। গত ১৮.১২.২০২৩ খ্রি. তারিখ অফিসে আসার পর শারীরিকভাবে অসুস্থতাবোধ করলে ফেনী সদর হাসপাতালে ভর্তি হন। হাসপাতালে কর্তব্যরত ডাক্তার তাকে দ্রুত ফেনী হার্ট ফাউন্ডেশন এন্ড রিসার্স সেন্টারে রেফার করেন। সেখানে কর্তব্যরত ডাক্তারগণ তাকে উন্নত চিকিৎসার জন্য জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট, ঢাকায় রেফার করেন। তিনি একই তারিখে জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট, ঢাকায় ভর্তি হন। জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট এর ডাক্তার সহকারী অধ্যাপক জনাব সমীর কুমার কুন্ডু এর মাধ্যমে চিকিৎসা চলাকালীন পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে তার হার্ট এর ০৮ (আট) টি ব্লক পাওয়া যায়। যার মধ্যে ০৩ টি ব্লক ১০০%, ০১ টি ব্লক ৭০%, ০১ টি ব্লক ৭৫-৮০%, ০২ টি ব্লক ৬০% এবং ০১টি ৫০%। ডাক্তার তাকে দ্রুত করোনারী বাইপাস সার্জারী করতে নির্দেশনা দেন। তিনি ডাক্তার এর নির্দেশনা মতে উন্নত চিকিৎসার প্রত্যাশায় ঢাকা ইউনাইটেড হাসপাতালে গত ১৭.০১.২০২৩ খ্রি. তারিখ ভর্তি হন। ভর্তিকালীন প্রাথমিকভাবে করোনারী বাইপাস সার্জারী খরচ হিসেবে ৪,৫০,০০০/- টাকা জমা দেন। ডাক্তাররের সাথে আলোচনায় করোনারী বাইপাস সার্জারীসহ চিকিৎসার অন্যান্য ব্যয় বাবদ প্রায় ৮,০০,০০০/- টাকা খরচ হবে মর্মে জানান। বর্তমানে তিনি চিকিৎসাধীন আছেন। তিনি তার আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধবগণ হতে ঋণ করে চিকিৎসা ব্যয় চালিয়ে যাচ্ছেন। আর্থিকভাবে তিনি খুব কষ্টে দিনাতিপাত করছেন। তার পক্ষে এই বিপুল পরিমান অর্থ খরচ করে তার চিকিৎসা করানো সম্ভব হচ্ছে না। বর্ণিতাবস্থায়, তিনি বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট জরুরী আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

২। এমতাবস্থায়, ফেনীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অনুলিপিকারক জনাব মোঃ কামাল উদ্দিন-এর হার্ট (করোনারী বাইপাস সার্জারী) চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র প্রতিটি অধঃস্তন আদালতে প্রেরণপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা**
**জনাব মোঃ কামাল উদ্দিন**
**ব্যাংক হিসাব নং- ৪০০৩০০১০১৪৯৮৮**
**সোনালী ব্যাংক লিমিটেড,**
**দাগনভূঞা শাখা, ফেনী।**
**মোবাইল নং ০১৮৮৯-০২২৭৮৩ (বিকাশ)**

স্বা:/-
(এসকে.এম.তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইলঃ registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-২)- ৯৭২৬- জে, তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,........................................ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ........................................ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ...................(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, .................... (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,.................. (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,........................ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,.................... (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,........................ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ........................ (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ............................................(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ....................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................. (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,..........................................................(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.........................................................(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা (চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

Rrahaman
19.02.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ফেনী।
(প্রশাসনিক বিভাগ)
Email: cjmcourt.feni@gmail.com

স্মারক নং : ৩০

তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ
২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ

প্রেরক : চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
ফেনী।

প্রাপক : মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**বিষয় : জনাব মো. কামাল উদ্দিন, অনুলিপিকারক (টাইপিস্ট/কপিস্ট), সিজেএম কোর্ট, ফেনী এর চিকিৎসা সংক্রান্ত আর্থিক সহযোগীতার আবেদনটি অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।**

**সূত্র : স্মারক নং ০২, তারিখ- ০৭.০২.২০২৩ খ্রি., অনুলিপি বিভাগ, সিজেএম কোর্ট, ফেনী।**

মহোদয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, ফেনী জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত **অনুলিপিকারক (টাইপিস্ট/কপিস্ট) জনাব মো. কামাল উদ্দিন** এর চিকিৎসা সংক্রান্ত আর্থিক সহযোগীতার আবেদনটি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:
১। দরখাস্তসহ চিকিৎসার কাগজাদি- ২৪ ফর্দ

আপনার অনুগত

(মোহাম্মদ আতাউল হক)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফেনী।

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
তারিখঃ 14 FEB 2023
ডেপুটি রেজিস্ট্রার
সহকারী রেজিস্ট্রার বিচার
রেজিস্ট্রার জেনারেল এর অনুস্বাক্ষর
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



মাননীয়

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যমে : চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
ফেনী।

মাধ্যমে : ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, অনুলিপি বিভাগ,
সিজেএম কোর্ট, ফেনী।

বিষয় : হার্ট (করোনারী বাইপাস সার্জারী) চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ফেনী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে অনুলিপি বিভাগে অনুলিপিকারক (টাইপিস্ট/কপিস্ট) হিসেবে কর্মরত আছি। আমি গত ১৮/১২/২০২৩ খ্রি. তারিখ অফিসে আসার পর শারীরিকভাবে অসুস্থতাবোধ করলে ফেনী সদর হাসপাতালে ভর্তি হই। হাসপাতালে কর্তব্যরত ডাক্তার আমাকে দ্রুত ফেনী হার্ট ফাউন্ডেশন এন্ড রিসার্স সেন্টারে রেফার করেন। সেখানে কর্তব্যরত ডাক্তারগণ আমাকে উন্নত চিকিৎসার জন্য জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট, ঢাকায় রেফার করেন। আমি একই তারিখে জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট, ঢাকায় ভর্তি হই। জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট এর ডাক্তার সহকারী অধ্যাপক জনাব সমীর কুমার কুন্ডু এর মাধ্যমে চিকিৎসা চলাকালীন পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে আমার হার্ট এর ০৮ (আট) টি ব্লক পায়। যার মধ্যে ০৩ টি ব্লক ১০০%, ০১ টি ব্লক ৭০%, ০১ টি ব্লক ৭৫-৮০%, ০২ টি ব্লক ৬০% এবং ০১ টি ৫০%। বর্ণিত অবস্থায় ডাক্তার আমাকে দ্রুত করোনারী বাইপাস সার্জারী করতে নির্দেশনা দেয়। আমি ডাক্তার এর নির্দেশনা মতে উন্নত চিকিৎসার প্রত্যাশায় ঢাকা ইউনাইটেড হাসপাতালে গত ১৭.০১.২০২৩ খ্রি. তারিখ ভর্তি হই। ভর্তিকালীন প্রাথমিকভাবে করোনারী বাইপাস সার্জারী খরচ হিসেবে ৪,৫০,০০০/- টাকা জমা দেই। ডাক্তাররের সাথে আলাপ আলোচনায় করোনারী বাইপাস সার্জারীসহ চিকিৎসার অন্যান্য ব্যয় বাবত প্রায় ৮,০০,০০০/- টাকা খরচ হবে মর্মে জানা যায়। বর্তমানে আমি চিকিৎসাধীন আছি। এতাবস্থায়, আমি আমার আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধবগণ হতে ঋন করে চিকিৎসা ব্যয় চালিয়ে যাচ্ছি। ফলে আর্থিকভাবে আমি খুব কষ্টে দিনাতিপাত করছি।

অতএব, মহোদয়ের নিকট আমার বিনীত আবেদন আমার করোনারী চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আপনার মাধ্যমে আপনার কার্যালয়ের কর্মচারী/কর্মকর্তার নিকট হতে এবং বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত ফান্ড হতে আর্থিক সাহায্যের জন্য সার্বিক সহযোগীতা করতে আপনার সদয় মর্জি হয়।

তারিখ:
ব্যাংক হিসাব নং ৪০০৩০০১০১৪৯৮৮
সোনালী ব্যাংক, দাগনভূঞা শাখা, ফেনী।
বিকাশ-০১৮৪৭০২২৭৮৩,

বিনীত নিবেদক
মো: কামাল উদ্দিন ১৭.১২.২০২২
(মো: কামাল উদ্দিন)
অনুলিপিকারক
অনুলিপি বিভাগ,
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফেনী।

সংযুক্তি:
১। চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র।